

*** (২) ***

সভায় মুখ্যমন্ত্রী বলেন, কোভিড-১৯ সংক্রমণ মোকাবিলায় আরও বেশি করে টেস্ট করতে হবে। হোম আইসোলেশনে থাকা মানুষ যেন বাড়ির বাইরে না যান সে ব্যাপারে সংশ্লিষ্ট আধিকারিকদের নজর রাখতে হবে।

সভায় ত্রিপুরা বিধানসভার উপাধ্যক্ষ বিশ্ববন্ধু সেন স্বাস্থ্য পরিষেবার সম্প্রসারণে জেলা হাসপাতালে বিশেষজ্ঞ চিকিৎসক দেওয়ার বিষয়ে গুরুত্ব আরোপ করেন। জেলাশাসক ও সমাহর্তা রাতাল হেমেন্দ্র কুমার কোভিড-১৯ শুরু থেকে এখন পর্যন্ত জেলার চিত্র ও প্রশাসনের কাজকর্মের বিভিন্ন দিক সভায় তুলে ধরেন। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের অধিকর্তা ডা. শুভাশিষ দেববর্মা বলেন, কোভিড-১৯ সংক্রমণ রোধে উত্তর জেলার জন্য অক্সিমিটার প্রদান সহ সমস্ত রকম সহায়তা করা হবে। সভায় উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি ভবতোষ দাস, উত্তর জেলার জেলাশাসক ও সমাহর্তা নাগেশ কুমার বি, মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা. অরুনাভ চক্রবর্তী, জেলার অতিরিক্ত জেলাশাসক ও সমাহর্তা, মহকুমা শাসক, স্বাস্থ্য দপ্তরের কাঞ্চনপুর, পানিসাগর মহকুমার এস ডি এম ও-গণ উপস্থিত ছিলেন। সভায় কোভিড-১৯ সংক্রান্ত জেলার সার্বিক চিত্র পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের-এর মাধ্যমে তুলে ধরেন ডা. শুভাশিষ রায়। এদিন সন্ধ্যায় মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব পানিসাগরের রিজিওন্যাল কলেজ অফ ফিজিক্যাল এডুকেশনের ইনডোর হলের কোভিড কেয়ার সেন্টারটি পরিদর্শন করেন। পরিদর্শনের সময় মুখ্যমন্ত্রীর সাথে ছিলেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি ভবতোষ দাস, উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসক, পানিসাগর মহকুমার মহকুমা শাসক এল ডার্লং প্রমুখ।
